

ববিতে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের বিরুদ্ধে বিক্ষোভ

স্টাফ রিপোর্টার, বরিশাল

প্রকাশিত: ০১:৫৫, ৩০ জানুয়ারি ২০২৫



নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের ঘোষিত কর্মসূচির বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষার্থীরা।

UNIBOTS

বুধবার (২৯ জানুয়ারি) দিবাগত রাত সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে ছাত্রদের আবাসিক হল ঘুরে ভোলা সড়ক প্রদক্ষিণ করা হয়।

মিছিল শেষে ববির গ্রাউন্ড ফ্লোরে অনুষ্ঠিত সমাবেশে ববির বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক রাকিব আহমেদ বলেন, বাংলার জমিনে ছাত্রলীগের মত সন্ত্রাসী

সংগঠনের আর কোনো জায়গা হবে না।

আবারও যদি আওয়ামী লীগ আর ছাত্রলীগ বাংলার জমিনে সংঘটিত হওয়ার চেষ্টা করে তাহলে আবু সাঈদের এক ফোটা রক্তের বিনিময় হলেও তাদের ফাঁসির মঞ্চে ঝোলানো হবে।

বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাবেক সদস্য আশিক আহমেদ বলেন, ৫৬ হাজার বর্গমাইলের এই বাংলাদেশে ছাত্রলীগের সন্ত্রাসীদের আর কোনো ঠাই হবে না। এই সন্ত্রাসী সংগঠনকে রুখে দিতে প্রয়োজনে বাংলার ছাত্রসমাজ বারবার ঐক্যবদ্ধ হবে।

উল্লেখ্য, ছাত্র-জনতার অভ্যুত্থানে গঠিত অন্তর্বর্তী সরকারকে উৎখাতের লক্ষ্যে পাঁচ কর্মসূচি ঘোষণা করেছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ।

